

APPEAL TO ALL BSNL PENSIONERS RETIRED BETWEEN 1-10-2000 AND 09-06-2013 FROM

All India Retired BSNL Executive Welfare Association (AIRBSNLEWA)

Website www.aibsnlretd.org email sdebhl@yahoo.co.in Whatsapp 9433000088

বিষয় : কেটে রাখা পেনশন এবং অন্য বেনিফিটের এরিয়ার আদায়ের জন্য কোর্ট কেস

প্রিয় পেনশনার/ফ্যামিলি পেনশনার,

প্রথমে AIRBSNLEWA এর তরফে আন্তরিক অভিনন্দন গ্রহণ করণ। এই অ্যাসোসিয়েশন সমস্ত পেনশনারদের অধিকার রক্ষার জন্য সংগ্রাম করেছে। আমাদের একমাত্র উদ্দেশ্য কেবল পেনশনারদের মেডিকেল এবং পেনশন সুরক্ষিত করা, অন্য কিছুই নয়। মেডিকেল বিল আদায়ের জন্য আমাদের লড়াই এর কথা তো আপনারা নিশ্চয় জানেন, তাছাড়া পেনশনারদের অন্যান্য বিষয়ে আমাদের সংগ্রাম তো চলছেই। আমাদের পেনশনের উপরে 60 : 40 শেয়ারিং-এর যে ব্যবস্থা ছিল তাও একমাত্র আমাদের প্রচেষ্টাতেই দূর করা সম্ভব হয়েছে।

ইতিমধ্যে আমাদের আন্তরিক প্রচেষ্টায় 1-1-2007 থেকে 78.2%IDA যুক্ত করে পেনশন রিভিশন-এর কাজ প্রায় সমাপ্ত, BSNL অফিসগুলি থেকে সার্ভিস বুক ইত্যাদি CCA অফিসে পৌঁছে গেছে। আশা করা যায় নির্দিষ্ট তারিখ অর্থাৎ 31-12-2016 এর আগেই আপনারা নতুন বর্ধিত পেনশন এবং এরিয়ার পাবেন। এখন আমাদের কর্তব্য হল গার্ডনমেন্ট 78.2%IDA মার্জ করে পেনশনের যে অংশ থেকে বেআইনীভাবে আমাদের বঞ্চিত করল তা আদায় করা। আপনারা জানেন যে যদিও 78.2%IDA 1-1-2007 থেকে মার্জ করা হয়েছে কিন্তু আমাদের পেমেন্ট 10-6-2013 থেকে করা হচ্ছে। দেখা যাক এরফলে আমরা কি হারাচ্ছি?

প্রি-2007 পেনশনারগণ (যাঁরা 1-10-2000 থেকে 31-12-2006 এর মধ্যে রিটায়ার করেছেন)

এদের পেনশন 1-1-2007 থেকে 78.2%IDA মার্জ করে 30% ফিটমেন্ট করে রিভিশন করা হচ্ছে, কিন্তু এরা রিভাইজড পেনশন 10-6-2013 থেকে পাবেন।

✓ অর্থাৎ তারা পাবেন বর্ধিত পেনশনের এরিয়ার 10-6-2013 থেকে বর্তমান দিন পর্যন্ত এবং তার পরে প্রতিমাসে বর্ধিত পেনশন।

কিন্তু এরা পাবেন না

□ 1-1-2007 থেকে 9-6-2013 পর্যন্ত প্রায় 77.3 মাসের পেনশন এরিয়ার, যেটা সুপ্রিম কোর্টের নির্দেশমত কিছুতেই বন্ধ করা বা আটকে রাখা যায় না।

পোস্ট - 2007 পেনশনারগণ (যাঁরা 1-1-2007 থেকে 10-6-2013-এর মধ্যে রিটায়ার করেছেন।)

এই পেনশনারদের ক্ষেত্রে প্রথমে এদের বেসিক পে রিভাইস করা হবে 1-1-2007 থেকে 78.2%IDA মার্জ এবং 30% fitment apply করে। তারপর সেই অনুসারে এদের রিটায়ার-এর সময়কার বেসিক পে হিসাব করে নতুন পেনশন হিসাব করা হবে কিন্তু পেমেন্ট করা হবে 10-6-2013 থেকে, তাও কেবল পেনশন, অন্য বেনিফিটগুলো নয়। দেখুন কি পাচ্ছেন আর কি হারাচ্ছেন :

✓ পাবেন বর্ধিত পেনশনের এরিয়ার 10-6-2013 থেকে বর্তমান দিন পর্যন্ত এবং তারপরে প্রতি মাসে বর্ধিত পেনশন।

কিন্তু পাবেন না

□ □ রিটায়ারের দিন থেকে 9-6-2013 পর্যন্ত পেনশন এরিয়ার তার DA সহ।

□ □ নতুন বেতন অনুসারে বর্ধিত গ্র্যাচুইটি।

□ □ নতুন বেতন অনুসারে বর্ধিত লিভ এনক্যাশমেন্ট

□ □ নতুন পেনশন অনুসারে বর্ধিত কমিউটেশন এবং

□ □ নতুন বেতন অনুসারে বর্ধিত পে এরিয়ার 1-1-2007 থেকে রিটায়ারমেন্ট-এর দিন পর্যন্ত। এই এরিয়ার অবশ্য সার্ভিং এমপ্লয়ীদেরও দেওয়া হয়নি। কিন্তু তাঁরা রিটায়ার করার পরে পেনশন এবং পেনশনারি বেনিফিট 78.2% অনুযায়ী বেতনের উপরে রিটায়ারমেন্ট-এর দিন থেকেই পাচ্ছেন যা আমাদের দেওয়া হচ্ছে না।

সরকার আমাদের এই পেনশন ও পেনশনারি বেনিফিট থেকে বঞ্চিত করছে একটাই যুক্তিতে যে সার্ভিস এমপ্লয়ীদেরও 9-6-2013 পর্যন্ত পে এরিয়ার দেওয়া হয়নি। কিন্তু তারা যখন রিটায়ার করছেন তখন তাদের পেনশন এবং পেনশনারি বেনিফিট 78.2% বেনিফিট সহ দেওয়া হয়েছে তবে আমরা কেন সেই বেনিফিট পাব না? তাছাড়া পে কাটা এবং পেনশন ও পেনশনারি বেনিফিট কাটা এক নয়।

আপনারা কি পাবেন এবং কি পাবেন না তার প্রকৃত হিসাবের জন্য আমাদের ওয়েবসাইটে দেওয়া অটো ক্যালকুলেটরের সাহায্য নিতে পারেন। সাধারণভাবে দেখা যাচ্ছে যে, যা আমরা পাচ্ছি তার দ্বিগুণেরও বেশী আমরা পাচ্ছি না। সুপ্রিম কোর্টের একাধিক আদেশে বলা হয়েছে যে পেনশন এবং পেনশনারি বেনিফিট হচ্ছে সম্পত্তি এবং কোনও অবস্থাতেই তা কেটে রাখা যায় না, অথচ সরকার বেআইনীভাবে আমাদের অর্জিত পেনশন এবং

পেনশনারি বেনিফিটের একটি বড় অংশ কেটে নিচ্ছে। আমাদের এসোসিয়েশন এই বঞ্চনার প্রতিবাদে কোর্টে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। আমাদের উদ্দেশ্য হলো যত বেশি সম্ভব পেনশনারকে এই কেসে যুক্ত করা, যাতে তারা সবাই এই অন্যায় ভাবে কেটে রাখা পেনশন এবং পেনসোনারি বেনিফিট আদায় করতে পারেন। নাহলে ব্যক্তিগতভাবে একজন বা কয়েকজনের পক্ষে কেশ করা সম্ভব নয়।

প্রথমেই জানিয়ে রাখি যে এই কেস আমরা ফাইল করব 15-01-2017 এর পরে, অর্থাৎ 78.2% ইম্প্লিমেন্টেশনের শেষদিনের পরে। কিন্তু আমাদের প্রস্তুতি এখন থেকেই নিতে হবে কারণ সুপ্রিম কোর্টের সাম্প্রতিক নির্দেশগুলিতে দেখা যাচ্ছে যে বেনিফিট কেবলমাত্র এপ্লিক্যান্টরাই পাচ্ছেন। অন্যদের ঐ বেনিফিটের জন্যে আবার কোর্টে যেতে হচ্ছে। সেইজন্যে আমরা সিদ্ধান্ত নিয়েছি যে আমাদের প্রতিটি মেম্বার শুরুতেই এই কেসের এপ্লিকেন্ট হবে এবং তারজন্য তাদের প্রত্যেককে ওকালতনামা ও ভেরিফিকেশন সিটে সই করতে হবে। সারা ভারতবর্ষ ব্যাপী এই কাজ সংগঠিত করার জন্য অন্তত দুইমাস সময়ের প্রয়োজন এবং তারজন্যেই আমরা এখন থেকে এই উদ্যোগ নিয়েছি। এই ব্যাপারে অন্য যে সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে তা হলঃ

- √ এই কেস প্রিন্সিপাল বেঞ্চ, ক্যাট, নিউ দিল্লী তে দাখিল করা হবে যে জন্যে সুপ্রিম কোর্টের একজন সিনিয়র অ্যাডভোকেট যিনি সার্ভিস ম্যাটারে দক্ষ তাকে অলরেডি নিয়োগ করা হয়েছে। তিনি এখন এই কেসের প্রয়োজনীয় নথিপত্র তৈরি করছেন।
- √ এই কেসের জন্য প্রতি মেম্বার এর কাছ থেকে 200/- টাকা সংগ্রহ করা হবে। এটি প্রথম ইনস্টলমেন্ট কেবল ক্যাট পর্বের জন্য। পরবর্তীকালে প্রয়োজন হলে হাইকোর্ট বা সুপ্রিমকোর্ট এর জন্যে প্রয়োজনমতো অর্থের আবেদন আবার করা হবে।
- √ এসোসিয়েশনের বর্তমান লাইফ মেম্বাররা কোর্ট কেস বাবদ 200/- দেবেন এবং তারসাথে 2017 পর্যন্ত দেয় বাৎসরিক ডোনেশন প্রদান করবেন।
- √ যে সমস্ত এক্সিকিউটিভ পেনশনাররা আমাদের মেম্বার নন, তারা কোর্ট কেস এ এপ্লিকেন্ট হতে গেলে প্রথমে আমাদের লাইফ মেম্বার হতে হবে 525/- টাকা দিয়ে এবং তার সাথে 200 /- টাকা কোর্ট কেস আর 200/- টাকা 2017 এর জন্যে বাৎসরিক ডোনেশন দিতে হবে।
- √ নন-এক্সিকিউটিভ পেনশনাররাও এই কোর্ট কেসে এপ্লিকেন্ট হতে পারবেন। প্রথমে তাদের অ্যাসোসিয়েট মেম্বার হতে হবে কেবলমাত্র এই কেসের জন্যে 300/- টাকা দিয়ে এবং তার সাথে 200/- টাকা কোর্টের জন্যে।
- √ আপনি যদি অন্য কোনও retired এসোসিয়েশনের মেম্বার হন, তাহলেও আমাদের মেম্বার বা অ্যাসোসিয়েট মেম্বার হতে কোনো বাধা নেই। আপনি একই সঙ্গে দুটি বা অধিক ওয়েলফেয়ার এসোসিয়েশনের মেম্বার হতে পারেন।
- √ ফ্যামিলি পেনশনারাও এই কেসের এপ্লিকেন্ট হতে পারবেন। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে এরজন্য তাদের কাছ থেকে কোনো অর্থ নেওয়া হবে না।
- √ সমস্ত অর্থ কেবলমাত্র একাউন্ট পেয়ী চেকেই নেওয়া হবে। চেক AIRBSNLEWA -এর নামে দিতে হবে।

এই কেসের পার্টি হওয়ার জন্যে ওকালতনামাতে সই 31-12-2016 পর্যন্তই নেওয়া হবে। আপনাদের সুবিধার জন্যে বিভিন্ন স্থানে ক্যাম্পের আয়োজন করা হয়েছে। আপনার সুবিধামত নিচের যে কোনো ক্যাম্পে চলে আসুন এই কেসের এপ্লিকেন্ট হতে হলে। সঙ্গে ভেরিফিকেশন শীটটি সঠিকভাবে ফিলআপ করার জন্যে নিচে দেওয়া ইনফরমেশনগুলি নিয়ে আসবেন। কোনো বিষয়ে আর কিছু জানার থাকলে আমার সঙ্গে বা আমাদের প্রেসিডেন্ট শ্রী ধনঞ্জয় বিশ্বাস 9477275920 বা শ্রী অমিত গুপ্তের সঙ্গে যোগাযোগ করুন 9433000088 নাম্বারে। কলকাতার বাইরের পেনশনাররা যোগাধান করার জন্যে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

নমস্কারান্তে
সিতাংশু সরকার
সেক্রেটারি (9433098414)

ক্যাম্প অফিস	তারিখ	সময়
Alipur Area Manager Office 3rd Floor	08-12-2016	11 A. M. - 4 P.M.
Jadavpur Exchange Club Room 2nd Floor	09-12-2016	11 A. M. - 4 P.M.
Telephone Bhavan Club-3 1/2 Floor	12-12-2016 to 15-12-2016	11 A. M. - 4P.M.
Uttarpara Exchange Club Room, 2nd Floor	16-12-2016	11 A. M. - 4 P.M.
Association Office, Room 74, 2nd Floor	19 to 21, 23-12-2016	11 A. M. - 4 P.M.

Information Required to Fill Up verification Sheet

- | | | | |
|--------------|------------------------------|---------------------|-----------------------|
| 1. Full Name | 2. Father's / Husband's Name | 3. Last Designation | 4. Date of Retirement |
| 5. Circle | 6. PPO No. | 7. Place / City | 8. Mobile No. |